**FYUG Odd Semester Exam., 2025**

# BENGALI

**( 1st Semester )**

Course No. : BNGDSM–101T

**( বাংলা সাহিত্যের ইতিহাস : প্রাচীন ও মধ্যযুগ )**

*পূর্ণমান* : ৭০

*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

UNIT—I

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'চর্যাপদ' কে আবিষ্কার করেন? 'চর্যাপদ'-এর মোট পদসংখ্যা কত?

(খ) 'চর্যাপদ' কবে, কোথা থেকে প্রথম গ্রন্থাকারে প্রকাশিত হয়?

(গ) বাংলা সাহিত্যের ইতিহাসকে প্রধানত কয়টি যুগে ভাগ করা হয়েছে? 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি বাংলা সাহিত্যের কোন্ যুগের রচনা?

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'চর্যাপদ'-এ প্রতিফলিত তৎকালীন সমাজচিত্রের একটি পরিচয় দাও।

(খ) বাংলা সাহিত্যের ইতিহাসে 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের ঐতিহাসিক মূল্য নিরূপণ করো।

UNIT—II

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) মালাধর বসুকে কে, কোন্ উপাধিতে ভূষিত করেন?

(খ) কৃত্তিবাস কোন্ তিথিতে এবং কী বারে জন্মগ্রহণ করেন?

(গ) কাশীরাম দাস কোন্ গ্রামে জন্মগ্রহণ করেন? তাঁর পিতার নাম কী ছিল?

৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'রামায়ণ' অনুবাদের ধারায় কৃত্তিবাসের অবদান সম্পর্কে আলোচনা করো।

(খ) 'মহাভারত' অনুবাদের ধারায় কাশীরাম দাসের শ্রেষ্ঠত্ব যুক্তিসহ প্রতিপন্ন করো।

UNIT—III

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'মনসামঙ্গল' কাব্য-এর পূর্ববঙ্গীয় ধারার দুজন কবির নাম লেখো।





(খ) 'চণ্ডীমঙ্গল' কাব্যধারার শ্রেষ্ঠ কবি কে? তাঁর উপাধি কী ছিল?

(গ) ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্যটি কোন্ শতাব্দীতে রচিত হয়? তিনি কোন্ রাজসভার সভাকবি ছিলেন?

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'মনসামঙ্গল' কাব্যধারায় কবি বিজয়গুপ্তের বিশেষত্ব সংক্ষেপে আলোচনা করো।

(খ) 'অন্নদামঙ্গল' কাব্য অবলম্বনে কবি ভারতচন্দ্র রায়ের কৃতিত্ব আলোচনা করো।

UNIT—IV

৭। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) বৃন্দাবনদাস বিরচিত 'চৈতন্যভাগবত'-এ মোট কয়টি খণ্ড রয়েছে? তাঁর পিতার নাম কী?

(খ) 'বৈষ্ণব পদাবলী'তে কোন্ পর্যায়ের পদ রচনায় বিদ্যাপতি অধিকতর কৃতিত্ব দেখিয়েছেন? তিনি কোন্ অঞ্চলের অধিবাসী ছিলেন?

(গ) 'শ্রীচৈতন্যচরিতামৃত' গ্রন্থটি কে রচনা করেছেন? গ্রন্থটি কত শতকে রচিত?

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) বৃন্দাবনদাসের 'চৈতন্যভাগবত' সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(খ) বৈষ্ণব সাহিত্যের ধারায় কবি চণ্ডীদাসের কবিকৃতি আলোচনা করো।

## UNIT—V

৯। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) আলাওলের যে কোনো দুটি রচনার নাম উল্লেখ করো।

(খ) শাক্তপদাবলীর দুটি প্রধান পর্যায় কী কী?

(গ) দৌলত কাজী রচিত কাব্যের নাম কী? এটি কার পৃষ্ঠপোষকতায় রচিত হয়েছিল?

১০। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) দৌলত কাজীর কাব্য-প্রতিভা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(খ) শাক্তপদ রচনায় কবি কমলাকান্ত ভট্টাচার্যের কবিকৃতির পরিচয় দাও।

★★★